



বিমানে হাতাহাতির ঘটনায় ইসরায়েলগামী সব ফ্লাইট বন্ধ করল ফ্লাইদুবাই



ছবি: সংগৃহীত

ফ্লাইটের ককপিটে হাতাহাতির ঘটনার জেরে ইসরায়েলের সঙ্গে সাময়িকভাবে বিমান চলাচল বন্ধ করেছে দুবাইভিত্তিক এয়ারলাইনস ফ্লাইদুবাই। তদন্ত শেষ না হওয়া পর্যন্ত এ সিদ্ধান্ত বহাল থাকবে বলে জানিয়েছে সংস্থাটি। খবর গালফ বিজনেসের।

বুধবার (৩০ সেপ্টেম্বর) দুবাই থেকে ইসরায়েল যাওয়ার পথে ফ্লাইদুবাইয়ের এফজেড১০৭৩ ফ্লাইটে ওই ঘটনা ঘটে। ফ্লাইটটি দুবাই আন্তর্জাতিক বিমানবন্দর থেকে বেন গুরিয়ন আন্তর্জাতিক বিমানবন্দরের উদ্দেশে ছেড়ে যায়।

ঘটনার পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সঙ্গে আলোচনা করে ইসরায়েলগামী ও ইসরায়েল থেকে আসা সব ফ্লাইট স্থগিতের সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে ফ্লাইদুবাই। যাত্রী ও উড্ডোজাহাজের ত্রুদের নিরাপত্তাকে এ সিদ্ধান্তের প্রধান কারণ হিসেবে উল্লেখ করেছে তারা।

এয়ারলাইনসটি বলেছে, বিষয়টি নিয়ে সরকারি সংস্থা, নিয়ন্ত্রক কর্তৃপক্ষ ও বিমানবন্দর সংশ্লিষ্টদের সঙ্গে নিয়মিত যোগাযোগ রাখা হচ্ছে। তদন্তে পাওয়া তথ্যের ভিত্তিতে পরবর্তী সময়ে ফ্লাইট চালুর বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

ফ্লাইদুবাই জানিয়েছে, তদন্তকারী কর্তৃপক্ষকে প্রয়োজনীয় সহযোগিতা করা হচ্ছে এবং তাদের পুরো ফ্লাইট নেটওয়ার্কে নিরাপত্তা ব্যবস্থা যথাযথ রাখার বিষয়টি গুরুত্ব দেওয়া হচ্ছে। ফ্লাইট বাতিলের কারণে যাত্রীদের অসুবিধার জন্য দুঃখ প্রকাশ করে বিকল্প ভ্রমণ ব্যবস্থায় সহায়তার কথাও জানিয়েছে প্রতিষ্ঠানটি।